গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

উপক্রমনিকা.. ৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৪

সেকশন ১: রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগতউদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).. ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় সমূহ এবং পরিমাপ পদ্ধতি ১২

সংযোজনী ৩: **কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা**................................ ১৩

উপক্রমণিকা (Preamble)

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্মকান্ডে সততা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে জামুকার অনুকুলে প্রদত্ত সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করে মুক্তিযুদ্ধ সম্পর্কিত সরকারের আইন ও বিধিমালা, বিঘোষিত নীতি ও কর্মসূচী, রূপকল্প ২০২১, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এবং সরকারের সার্বিক উন্নয়ন অগ্রাধিকারের যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ অত্র চুক্তিতে বর্ণিত বিষয়সমূহে সম্মত হলেন:

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Jatio Muktijoddha Council)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ-

গত ০৩ (তিন) বছরে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাসমূহে ২৩৫ জন ব্যক্তিকে সাধারণ মুক্তিযোদ্ধা, ০৪ জনকে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, ১৬৬জনকে নারী মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা), ১৭৮ জনকে শব্দ সৈনিক এবং ১৬ জনকে মুজিবনগর সরকারের কর্মচারী হিসেবে চিহ্নিত করে গেজেটভুক্ত করার জন্য সুপারিশ করা হয়েছে। একই সময়ে ১০৪ জনকে ভুয়া মুক্তিযোদ্ধা এবং ০৯ জনকে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা নন মর্মে চিহ্নিতে করে তাদের গেজেট বাতিলের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধাও মুক্তিযোদ্ধা প্রজন্মের নেতৃত্বাধীন ৪৭টি সমিতি/সংগঠনকে নিবন্ধন প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ:

মুক্তিযুদ্ধের দীর্ঘ সময় পর প্রকৃত মুক্তিযোদ্ধা চিহ্নিত করাবেশ জটিল ও কষ্টসাধ্য। প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য সৎ, দক্ষ ও আদর্শবান লোকের অভাব রয়েছে। মাঠ পর্যায়ে গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত সদস্যদের অনিয়মের কারণে যাচাই-বাছাই কার্যক্রমের বিরুদ্ধে অনেক মামলা রুজু হয়েছে। এসব মামলা মোকাবেলায় অর্থ ও শ্রম নষ্ট হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

প্রকৃত মুক্তিযোদ্ধাদের চিহ্নিত করে তাদের নেতৃত্বে জাতীয় পর্যায়সহ জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনার সাথে সংগতিপূর্ণ বিভিন্ন প্রকল্প এবং সামাজিক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন। জাল ও ভুয়া সনদপত্র ও প্রত্যয়নপত্র বাতিলের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ। মুক্তিযুদ্ধের ইতিহাস, ঐতিহ্য ও স্মৃতি রক্ষার্থে বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন। মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সংগঠন, সংঘ ও সমিতি পরিচালনার জন্য সংশ্লিষ্ট নীতিমালা বাস্তবায়ন। মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলকে অধিদপ্তরে উন্নীত করে পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ে শাখা দপ্তর স্থাপনের মাধ্যমে ভাতাদি প্রদানসহ মুক্তিযোদ্ধাদের স্বার্থ সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদন।

২০১৮-১৯অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- জামুকার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন;
- ৫০ (পঞ্চাশ) জন প্রকৃত মহিলা মুক্তিযোদ্ধা (বীরাঙ্গানা) সনাক্তকরণ;
- ৬০-১০০ দিনের মধ্যে রীট মামলার এসএফ প্রেরণ;
- ২০ টি সংগঠন/সমিতি প্রাকনিবন্ধন পরিবীক্ষণ;
- ৫০ টি নিবন্ধিত সমিতি পরিদর্শন।

সেকশন - ১

রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), প্রধান কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision) :

মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে সমুন্নত রাখা এবং মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন।

১.২ অভিলক্ষ্য (Mission):

বিদ্যমান আইন ও নীতিমালার আলোকে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণসাধন এবং মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের কৌশলগত উদ্দেশ্যসমুহ

১. মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন;
২. মুক্তিযুদ্ধের আদর্শ বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;
২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
৩. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৪. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৫. জাতীয় শুদ্ধাচার কৌশলবাস্তবায়ন জোরদারকরণ;
৬. তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৭. উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন।

১.৪ প্রধান কার্যাবলি (Main Functions):

১. মুক্তিযুদ্ধের আদর্শ প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় পর্যায়সহ জেলা, থানা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে সামাজিক ও অর্থনৈতিক কর্মসূচি গ্রহণ;

২. মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ সর্বোতভাবে পূণর্বাসন;

৩. রাষ্ট্রীয় ও সমাজ জীবনের সকল স্তরে মুক্তিযুদ্ধের আদর্শ সমুন্নত রাখা ও কার্যকরী করার লক্ষ্যে সকল শ্রেণীর শিশু-কিশোর, যুবক, ছাত্র, শ্রমিক, শিক্ষক, কৃষক, মহিলা, ব্যবসায়ী, সাংস্কৃতিক কর্মী ও সকল শ্রেণীর পেশাজীবীদের সমন্বয়ে বিভিন্ন পর্যায়ে অঙ্গ সংগঠন গঠন, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;

৪. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠন, সংঘ, সমিতি, যে নামে অভিহিত হউক না কেন, পরিচালনার জন্য প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন;

৫. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ;

৬. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট সকল সংগঠনের নিবন্ধীকরণ ফিস, নবায়ন ফিস ইত্যাদি নির্ধারণ;

৭. মুক্তিযুদ্ধের ইতিহাস, ঐতিহ্য ও স্মৃতি রক্ষার্থে গৃহীত প্রকল্প পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান এবং ভবিষ্যৎ প্রকল্প গ্রহণ;

৮. সরকারী ও বেসরকারী ব্যক্তি, সংস্থা ও সংগঠন কর্তৃক মুক্তিযুদ্ধের ইতিহাস, স্মৃতি, আদর্শ সংক্রান্ত সৌধ, ভাস্কর্য, যাদুঘর ইত্যাদি নির্মানের অনুমতি প্রদান, রক্ষণাবেক্ষণ, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান;

৯. প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন, সনদপত্র ও প্রত্যয়ন পত্র প্রদানে এবং জাল ও ভূয়া সনদ পত্র ও প্রত্যয়ন পত্র বাতিলেরজন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ;

১০. মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্পর্কিত কার্যাবলী সম্পাদন।

সেকশন - ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(**Outcome/Impact**)

চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচক সমূহ(Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থা সমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৬-১৭	২০১৭-১৮*		২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের আর্থ-সামাজিক অবস্থা উন্নীত (দারিদ্র নিরসনের উপর প্রভাব)	মুক্তিযোদ্ধা পরিবারের দারিদ্র হ্রাসকরণ	%	০০	টিবিডি	টিবিডি	টিবিডি	টিবিডি	মুবিম, জামুকা, বামুকট্রা, জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন।	জামুকার বার্ষিক প্রতিবেদন

*সাময়িক।